



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ঢাকা।

ওয়েবসাইট: www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার নং-০১

তারিখ : ফাল্গুন ২৮, ১৪১৯ বঙ্গাব্দ
মার্চ ১২, ২০১৩ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বৃহদাংক ঋণ সম্পর্কিত বিবরণী (ফরম 'এল') দাখিল প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনের ২৩-০৪-২০০৩ তারিখের **ওএস সার্কুলার নং-০৩/২০০৩** এবং ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১৬-১১-২০০৫ তারিখের **বিআরপিডি সার্কুলার নং-১৬/২০০৫** এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলারে তফসিলী ব্যাংকসমূহকে বৃহদাংক ঋণের বিবরণী (ফরম 'এল') দাখিলের পরামর্শ দেয়া হয়। বাংলাদেশ ব্যাংকে চলমান অটোমেশন প্রক্রিয়ার অংশ হিসেবে বিদ্যমান 'এল' ফরমটিতে কতিপয় তথ্য সংযোজনপূর্বক নতুনভাবে প্রণয়ন করা হয়েছে, যা সঠিকভাবে পূরণপূর্বক বাংলাদেশ ব্যাংকের Web Portal-এর মাধ্যমে মার্চ, ২০১৩ থেকে প্রতি মাসের বিবরণী পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে এ ডিপার্টমেন্টে দাখিল করতে হবে। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এর hard copy পরিচালক পর্ষদের কার্যবিবরণী ও সিআইবি প্রতিবেদন (৬০ দিনের অধিক পুরাতন নয়) সহ দাখিল করতে হবে।

০৩। শূন্য বিবরণী দাখিলের ক্ষেত্রে উল্লিখিত ফরম 'এল' এর Reference No., Date of Report, Bank Code, Total Non-Funded Facility Converted into Funded Facility, Loan Portfolio of the Bank –এই ০৫(পাঁচ) টি field বাধ্যতামূলকভাবে পূরণ করতে হবে।

০৪। বিদ্যমান সকল বৃহদাংক ঋণগ্রহীতার ঋণ সম্পর্কিত তথ্য (২৮-০২-২০১৩ তারিখ ভিত্তিক) নতুন ফরম্যাট অনুযায়ী ১৫-০৪-২০১৩ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংক Web Portal-এর মাধ্যমে দাখিল করতে হবে।

০৫। নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী দাখিলে ব্যর্থ হলে কিংবা বিবরণীতে অসম্পূর্ণ বা ভুল তথ্য প্রদান করা হলে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর সংশ্লিষ্ট ধারার বিধান অনুযায়ী অর্থ দণ্ড আরোপ করা হবে।

০৬। এ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযুক্তি : ফরম 'এল'

আপনাদের বিশ্বস্ত,

(অসীম কুমার মজুমদার)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৬১